অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভ্যাল 2026 সালে আবার সারাটোগাতে অনুষ্ঠিত হওয়ার ঘোষনা দিয়েছেন

রিইমাজিনড বেলমন্ট পার্কে গ্র্যান্ড রিওপেনিং এবং 2027 ব্রিডার্স কাপের জন্য চূড়ান্ত সারাটোগা বেলমন্ট স্টেকস পথ প্রশস্ত করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেড (New York Racing Association, Inc., NYRA) আজ ঘোষণা করেছে যে বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভাল 2026 সালের জুন মাসে তৃতীয় ও শেষবারের মতো ঐতিহাসিক সারাটোগা রেস কোর্সে অনুষ্ঠিত হবে, যাতে এলমন্ট, নিউ ইয়র্কে নতুন বেলমন্ট পার্কের নির্মাণ কাজ নির্ধারিত সময়ে ও নির্বিঘ্নে সম্পন্ন করা যায়।

"নিউ ইয়র্ক বিশ্বমানের ক্রীড়া ও বিনোদনের কেন্দ্র এবং সারাটোগা রেস কোর্সে বেলমন্ট স্টেকস-এর এই শেষ অধ্যায় আমাদের সমৃদ্ধ রেসিং ঐতিহ্যকে সম্মান জানায়, পাশাপাশি বেলমন্ট পার্কে এক সাহসী ও নতুন ভবিষ্যতের পথ সুগম করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আগামী বছর আবারও রেসটি সারাটোগায় নিয়ে আসার মাধ্যমে ট্রিপল ক্রাউন-এর এই ঐতিহাসিক পর্বটি দর্শকদের আরো বাড়িয়ে তুলবে এবং নিশ্চিত হবে যে দর্শকরা পুরো অভিজ্ঞতাটি উপভোগ করতে পারবেন।"

এই ঘোষণাটি আসে সদ্য সমাপ্ত 2025 সালের বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভালের পর পরেই, যেখানে প্রধান আকর্ষণ ছিল শনিবার অনুষ্ঠিত গ্রেড 1, 2 মিলিয়ন মার্কিন ডলারের বেলমন্ট স্টেকসে সোভেরেনিটির বিজয়, যা NYRA বেটস-এর পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত হয়েছিল এবং এটি ছিল প্রতিযোগিতার 157তম আসর।

পুনর্গঠিত বেলমন্ট পার্ক নির্ধারিত সময় অনুযায়ী 2026 সালের সেপ্টেম্বর মাসে জনসাধারণের জন্য উন্মুক্ত হবে। যদিও NYRA পূর্বে আংশিক নির্মিত বেলমন্ট পার্কে সীমিত সংখ্যক দর্শক নিয়ে বেলমন্ট স্টেকস আয়োজনের সম্ভাবনা উন্মুক্ত রেখেছিল কিন্তু 2026 সালের বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভাল সারাটোগা রেস কোর্সে স্থানান্তরের সিদ্ধান্তের ফলে চলমান নির্মাণকাজ জনিত বিভিন্ন সীমাবদ্ধতা থাকলেও এই আয়োজনটি বাধাহীন ভাবে অনুষ্ঠিত হবে।

নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও CEO Dave O'Rourke (ডেভ ও'রুর্ক) বলেন, "লং আইল্যান্ডে নতুন বেলমন্ট পার্ক নির্মাণকালে বেলমন্ট স্টেকসের অস্থায়ী ঘর হিসেবে সারাটোগা আমাদের দর্শক ও অংশীজনদের অত্যন্ত যত্ন সহকারে সেবা প্রদান করেছে। আমরা যখন 2026 সালের শরৎকালে নতুন বেলমন্ট পার্কের উদ্বোধনের জন্য প্রস্তুতি নিচ্ছি, তখন NYRA আনন্দের সঙ্গে জানাচ্ছে যে আগামী জুনে তৃতীয় ও শেষবারের মতো বেলমন্ট স্টেকস সারাটোগায় অনুষ্ঠিত হবে। বেলমন্ট পার্ক চিরকালই বেলমন্ট স্টেকসের কেন্দ্র হিসেবে থাকবে এবং আমরা 2027 সালে নতুনভাবে পুনর্গঠিত বেলমন্টে এই রেসের প্রত্যাবর্তনের অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গত দুই বছর ধরে বেলমন্ট স্টেকস ফেস্টিভাল সারাটোগা রেস কোর্সে আয়োজনের ফলে নতুন দর্শক ও নতুন ভ্রমণকারী সারাটোগা স্প্রিংস ও আশপাশের এলাকাগুলোতে এসেছে, যা আমাদের স্থানীয় ক্ষুদ্র ব্যবসা এবং আপস্টেট নিউ ইয়র্কের পর্যটন অর্থনীতিকে সহায়তা করেছে। রেসিং-এর ট্রিপল ক্রাউনের তৃতীয় পর্ব আয়োজনের জন্য সারাটোগাকে তৃতীয়বারের মতো সুযোগ দেওয়ার মাধ্যমে আরো অনেক দর্শক এই ব্যতিক্রমী পরিস্থিতি দ্বারা অনুপ্রাণিত হবে এবং স্বয়ং অভিজ্ঞতা অর্জনের জন্য উত্তেজনা, ঐতিহ্য ও জাঁকজমকপূর্ণ এই রেস ঘিরে সফরের পরিকল্পনা করবে।"

স্টেট সিনেটর Joseph P. Addabbo, Jr. (জোসেফ পি. অ্যাডাবো, জুনিয়র) বলেন, "2026 সালে সারাটোগায় আবারও বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভ্যাল নিয়ে আসার সিদ্ধান্ত ঐতিহ্য সংরক্ষণ এবং বেলমন্ট পার্কের সফল আধুনিকীকরণ নিশ্চিত করার প্রতি দৃঢ় প্রতিশ্রুতি প্রদর্শন করে। এই পরিবর্তনকালীন সময়টিতে শীর্ষ মানের রেসিং চালিয়ে যাওয়া সম্ভব হয়েছে, একই সঙ্গে সারাটোগার অর্থনীতিতে উন্নতি ঘটিয়েছে এবং ঘোড়দৌড়ের দর্শকদের অভিজ্ঞতাকে আরো সমৃদ্ধ করেছে। আমি 2027 সালে আধুনিকতম বেলমন্ট পার্কের পুনরায় উদ্বোধনের জন্য মুখিয়ে আছি এবং এই প্রধান রেসিং ইভেন্টগুলোর মাধ্যমে আমাদের স্টেটে চলমান অর্থনৈতিক ও সামাজিক প্রভাব অব্যাহত থাকার প্রত্যাশা করি।"

অ্যাসেম্বলিমেম্বার Carrie Woerner (ক্যারি ওয়ার্নার) বলেন, "সারাটোগা স্প্রিংস এবং সারাটোগা রেস কোর্স দুটি সফল বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভাল আয়োজন করেছে এবং আমরা অত্যন্ত আনন্দিত যে আবারও ট্রিপল ক্রাউনের উত্তেজনাপূর্ণ তৃতীয় পর্ব এখানে অনুষ্ঠিত হতে যাচ্ছে। যখন পুনর্গঠিত বেলমন্ট পার্ক খোলা হবে, তখন নিউ ইয়র্কে দেশের সবচেয়ে আধুনিক এবং সবচেয়ে ঐতিহাসিক থরব্রেড রেসট্র্যাক থাকবে। আমি ইতোমধ্যেই আগামী বছর এবং আমাদের স্টেটের এই ঐতিহ্যবাহী খেলাধুলার উজ্জ্বল ভবিষ্যতের অপেক্ষায় রয়েছি।"

সারাটোগা কাউন্টি বোর্ড অফ সুপারভাইজার্সের চেয়ারম্যান ও টাউন অব ক্লিফটন পার্ক সুপারভাইজার Phil Barrett (ফিল ব্যারেট) বলেন, "সারাটোগা কাউন্টি সংশ্লিষ্ট ইভেন্টগুলোকে সহায়তা করার জন্য বিভিন্ন সংস্থার সঙ্গে গর্বের সাথে বেলমন্ট স্টেকসের সঙ্গে অংশীদারিত্ব করেছে। আমরা গর্বের সঙ্গে বেলমন্ট আয়োজন করেছি এবং এই ইভেন্টটি আমাদের কাউন্টিতে মানুষকে আকর্ষণ করেছে, যা আমাদের বিনোদন, সাংস্কৃতিক এবং ঐতিহাসিক আকর্ষণগুলো উপস্থাপন করার সুযোগ দিয়েছে। আমরা 2026 সালের জন্য NYRA

এবং অংশীদারী সংগঠনগুলোর সঙ্গে পরিকল্পনা শুরু করবো, যাতে সবার জন্য সর্বোত্তম অভিজ্ঞতা নিশ্চিত করা যায়!"

সিটি অব সারাটোগা স্প্রিংসের মেয়র John Safford (জন স্যাফোর্ড) বলেন, "গত দুই বছর ধরে দ্য বেলমন্ট আয়োজন করা সারাটোগা স্প্রিংসের জন্য এক গর্বের ও মর্যাদার বিষয় ছিল। NYRA, চেম্বার, ডিসকভার সারাটোগা এবং অন্যান্য নিবেদিতপ্রাণ কমিউনিটি অংশীদারদের মধ্যে অসাধারণ সহযোগিতার ফলে আমাদের শহর পরিদর্শনকারী সকলের জন্য একটি স্মরণীয় অভিজ্ঞতা তৈরি হয়েছে। আমরা এই দৃঢ় অংশীদারিত্বগুলো অব্যাহত রাখতে এবং 2026 সালের জন্য সারাটোগায় বেলমন্টের আরেকটি বছর স্বাগত জানাতে উচ্ছ্বসিত।"

সারাটোগা কাউন্টি চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট Todd Shimkus (টড শিমকাস) বলেন, "নতুন বেলমন্ট পার্ক নির্মাণকালে বেলমন্ট স্টেকসের তত্ত্বাবধায়ক হিসেবে স্থানীয় ও আঞ্চলিক কমিউনিটির পক্ষ থেকে দায়িত্ব পালন করা ছিল এক গর্বের বিষয় এবং আমরা শেষবারের মতো এই দায়িত্ব পালনে উচ্ছ্বসিত। বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভালকে সহায়তা করার লক্ষ্যে চেম্বার এবং আমাদের অংশীদাররা ইতোমধ্যেই 2026 সালের জন্য তৃতীয় "বেলমন্ট অন ব্রডওয়ে" উদ্বোধনী কনসার্টের পরিকল্পনা নিয়ে কাজ শুরু করেছে।"

সারাটোগা ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রেসিডেন্ট Greg Connors (গ্রেগ কনর্স) বলেন, "সারাটোগা কাউন্টিতে আমরা গভর্নর এবং NYRA এর প্রতি অত্যন্ত কৃতজ্ঞ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি যে তারা 2026 সালে বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভাল সারাটোগায় ফিরিয়ে এনেছেন। শুধুমাত্র সারাটোগা নয়, রাজধানী অঞ্চলেও এর ব্যাপক অর্থনৈতিক প্রভাব গুরুত্বপূর্ণ। ঐতিহাসিকভাবে, প্রচলিত সারাটোগা প্রতিযোগীতাটি স্থানীয় অর্থনীতিতে প্রতিদিন আনুমানিক 9 মিলিয়ন মার্কিন ডলার অবদান রাখে। আর, সরকার, ব্যবসা ও কমিউনিটি ডেভেলপমেন্ট খাতের আমাদের অংশীদারদের সঙ্গে গত 2 বছর ধরে আমরা একটি দল হিসেবে কাজ করেছি আমাদের কমিউনিটিকে বিশ্ব এবং বিশ্বমানের থরব্রেড রেসিং শিল্পের কাছে উপস্থাপন করার জন্য, যেখানে সারাটোগা কাউন্টি এবং সারাটোগা স্প্রিংস সিটি জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব সম্পন্ন এমন ঐতিহাসিক ঘোড়দৌড় আয়োজনের জন্য সক্ষম এবং প্রস্তুত। 2026 সালে শেষবারের মতো একবারই সারাটোগা কাউন্টি আনন্দের সঙ্গে বিশ্বের সবাইকে সারাটোগা রেস কোর্সে অনুষ্ঠিত বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভালে স্বাগত জানাতে প্রস্তুত।"

ডিসকভার সারাটোগার প্রেসিডেন্ট Darryl Leggieri (ড্যারিল লেজিয়েরি) বলেন, "আমরা সম্পূর্ণরূপে উচ্ছ্বসিত যে 2026 সালে তৃতীয় ধারাবাহিক বছরে বেলমন্ট স্টেকস রেসিং ফেস্টিভালে আবারও সারাটোগায় ফিরে আসছে। এই প্রতীকী ইভেন্ট আয়োজন করা শুধু এক বিশাল গর্বই নয়—এটি সারাটোগা কাউন্টির সক্ষমতার প্রমাণ যে তারা জাতীয় পর্যায়ে বড় ইভেন্টগুলোকে নিরাপদ ও সফলভাবে পরিচালনা করতে পারে। বেলমন্ট স্টেকস আমাদের স্থানীয় অর্থনীতিতে অসাধারণ বৃদ্ধি নিয়ে আসে এবং আমাদের কমিউনিটি, ক্ষুদ্র ব্যবসা, এবং সারাটোগার পরিচয় বহনকারী বিশ্বমানের আতিথেয়তার জন্য অসাধারণ পরিচিতি প্রদান করে। আমরা গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের প্রতি কৃতজ্ঞ, যারা সারাটোগাকে রেসিং এবং পর্যটনের একটি প্রধান গন্তব্য হিসেবে অব্যাহতভাবে বিশ্বাস করেছেন।"

2026 সালের বেলমন্ট স্টেকস, যা NYRA বেটস এর মাধ্যমে উপস্থাপিত হবে এবং যেটি অনুষ্ঠিত হবে শনিবার, 6 জুন। 2026 সালের প্রতিযোগিতাটি সারাটোগার মেইন ট্র্যাকের বিন্যাসের কারণে ঐতিহ্যবাহী 1.5 মাইলের বদলে আরেকবার 1.25 মাইলের প্রতিযোগিতা হিসেবে অনুষ্ঠিত হবে।

আসন্ন কয়েক সপ্তাহে, সারাটোগা রেস কোর্স বেলমন্ট পার্কে ঐতিহ্যবাহীভাবে অনুষ্ঠিত হওয়া বিশেষ জুলাই 4তম রেসিং উৎসবের আয়োজন করবে। চারদিন ব্যাপী এই ইভেন্টটি বৃহস্পতিবার, জুলাই 3 থেকে রবিবার, জুলাই 6 পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং এটি ঐতিহ্যবাহী 40 দিনের সারাটোগা গ্রীষ্মকালীন মিটের প্রাকসূচনা হিসেবে কাজ করবে, যা বৃহস্পতিবার, জুলাই 10 থেকে শুরু হয়ে সোমবার, সেপ্টেম্বর 1, লেবার ডে পর্যন্ত চলবে। নিউ ইয়র্ক স্টেট এবং NYRA বর্তমানে বেলমন্ট পার্ক পুনর্নির্মাণে কাজ করছে, যেখানে 455 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন নির্মাণ প্রকল্পের মাধ্যমে এই স্থাপনাটিকে একটি বিশ্বমানের রেসিং ও বিনোদন গন্তব্যে রূপান্তরিত করা হচ্ছে।

গত মাসে, গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেছিলেন যে বেলমন্ট পার্ক বিশ বছরের মধ্যে প্রথমবারের মতো 2027 সালে ব্রিডার্স কাপ আয়োজন করবে। 1990, 1995, 2001 ও 2005 সালের পরে এটি নিউ ইয়র্কে ব্রিডার্স কাপ আয়োজনের পঞ্চম বার হবে। ব্রিডার্স কাপ বেলমন্ট পার্কে 29-30 অক্টোবর, 2027 তারিখে অনুষ্ঠিত হবে। সকল প্রতিযোগিতার তারিখ নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশনের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। আরো তথ্যের জন্য, দেখুন belmontstakes.com।

নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেড সম্পর্কে
NYRA হলো একটি অলাভজনক সংগঠন যা নিউ ইয়র্ক স্টেটের মাধ্যমে অ্যাকুইডাক্ট রেসট্র্যাক, বেলমন্ট পার্ক ও সারাটোগা রেস কোর্সে থরোব্রেড রেসিং পরিচালনার জন্য অনুমোদিত হয়েছে। NYRA ট্রাকগুলো হচ্ছে নিউ ইয়র্ক স্টেটের ঘোড়দৌড় অর্থনীতির মৌলিক ভিত্তি, যা 19,000 কর্মসংস্থান ও স্টেটব্যাপী বার্ষিক 3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থনৈতিক অবদানের জন্য দায়ী।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন